



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-১৩১

তারিখ: ২৫/০১/২০২২ খ্রি.


বিষয়: ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট (নবম সপ্তাহ) বিতরণ।

সূত্র: ১। এনসিটিবি'র স্মারক নং- শি: শা:২২২/৯৪/১১২২; তারিখ: ২৭ জুন ২০২১ খ্রি.

২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-৭৩৭; তারিখ: ১৪ জুলাই ২০২১ খ্রি. এর বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণয়নকৃত ২০২২ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে নির্ধারিত গ্রিড অনুযায়ী **নবম সপ্তাহের অ্যাসাইনমেন্ট** বিতরণ করা হলো। বিতরণকৃত **নবম সপ্তাহের অ্যাসাইনমেন্ট কার্যক্রম ২৬ জানুয়ারি ২০২২ খ্রি. রোজ বুধবার** থেকে শুরু হবে। উক্ত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: অ্যাসাইনমেন্ট (নবম সপ্তাহ)


25/01/2022

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন: ০২-৪১০৫০২৮৫

বিতরণ:

- ১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত

বিষয় কোড: ১০৯

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্টনম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/খাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুত্রিক)			মন্তব্য				
০৩	<ul style="list-style-type: none"> ● পেন্সিল কম্পাস ব্যবহার করে 60°, 75° ও 135° কোণ আঁক। ● তোমার আয়তাকার পড়ার টেবিলটির দৈর্ঘ্য ও প্রস্থ পরিমাপ করে লিপিবদ্ধ কর। 	<p>১। প্রদত্ত উপাত্ত ব্যবহার করে চতুর্ভুজ, ট্রাপিজিয়াম অঙ্কন করতে পারবে।</p> <p>২। প্রদত্ত উপাত্ত ব্যবহার করে ত্রিভুজ অঙ্কন করতে পারবে।</p>	<p>১। এখন একটি ট্রাপিজিয়াম আকৃতি টেবিলের উপর তলের আনুপাতিক চিত্র আঁক যার সমান্তরাল বাহু দুইটি হবে তোমার আয়তাকার পড়ার টেবিলের দৈর্ঘ্য ও প্রস্থ এর সমান এবং ট্রাপিজিয়ামের ক্ষুদ্রতর বাহু (টেবিলের প্রস্থ) সংলগ্ন দুইটি কোণের একটি হবে 75° এর সম্পূরক এবং অপরটি 135° হবে। (পাঠ্যবই এর উদাহরণ ৩ (পৃষ্ঠা নম্বর – ১৪৭) সাহায্য নিবে। প্রয়োজনে ক্ষুদ্রতর বাহুকে বর্ধিত করে বৃহত্তম বাহু কেটে তার উপর একটি সামান্তরিক ঐকে চেষ্টা করবে।)</p> <p>২। ABCD একটি চতুর্ভুজের আনুপাতিক চিত্র আঁক। যেখানে AB = টেবিলের দৈর্ঘ্য, BC = টেবিলের প্রস্থ, ∠B = 75°, ∠C = 135° এবং ∠D = 60° (পাঠ্যবই এর অনুশীলনী ৭.২ এর ১১ নম্বরকে অনুসরণ করবে।)</p> <p>৩। একটি ত্রিভুজ আঁক যার ভূমি তোমার টেবিলের প্রস্থ এর সমান, ভূমি সংলগ্ন একটি কোণ 135° এবং অপর দুইটি বাহুর সমষ্টি তোমার টেবিলের দৈর্ঘ্যের সমান। (পাঠ্যবই এর ১৩৮ পৃষ্ঠার সম্পাদ্য ১ অনুসরণ করবে।)</p>	প্রশ্ন	নির্দেশনা	নম্বর					
				১।	<ul style="list-style-type: none"> ● সঠিক চিহ্নিত চিত্র অঙ্কন ● ভূমি বরাবর বৃহত্তর বাহু স্থাপন করে তার উভয় প্রান্তে সমান্তরাল রেখা অঙ্কন ● ক্ষুদ্রতর বাহুতে নির্দেশিত কোণ অঙ্কন ● সঠিক উপাত্তের উপস্থাপন ● কোণ তিনটির কমপক্ষে দুইটির সঠিক অঙ্কন 	০৫	০৪	০৩	০২	০১	
				২।	<ul style="list-style-type: none"> ● সঠিক চিহ্নিত চিত্র অঙ্কন ● A বিন্দুর জন্য নির্ধারিত কোণের পরিমাণ নির্ণয় ● C বিন্দুতে 105° কোণ অঙ্কন ● B বিন্দুতে 75° কোণ অঙ্কন 	০৪	০৩	০২	০১		
				৩।	<ul style="list-style-type: none"> ● সঠিক চিহ্নিত চিত্র অঙ্কন ● 105° কোণের বিপরীত বাহুর লম্ব সমদ্বিখন্ডক অঙ্কন ● এমন একটি ত্রিভুজ আঁকবে যার একটি কোণ 105° এবং একটি বাহু টেবিলের দৈর্ঘ্য ও অপরটি টেবিলের প্রস্থ। (ভূমি) ● ভূমির যেকোনো প্রান্তে 105° কোণ অঙ্কন 	০৪	০৩	০২	০১		
				মোট-							
				বরাদ্দকৃত নম্বর= ১৩							

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১১-১৩	অতি উত্তম
১০-১১	উত্তম
০৭-০৯	ভালো
০০-০৬	অগ্রগতি প্রয়োজন

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: রসায়ন

বিষয় কোড: ১৩৭

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা/সংকেত	মূল্যায়ন নির্দেশনা (ক্রমিক)																																											
				নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর				স্কোর																																						
				৪	৩	২	১																																								
০২	প্রকৃতিতে প্রাপ্ত কপারের দুটি আইসোটোপ ভর সংখ্যা ৬৩ ও ৬৫। প্রতিটি আসোটোপের মূল কণিকার সংখ্যা, ইলেকট্রন বিন্যাসের সাহায্যে মৌলটির পর্যায় সারণিতে অবস্থান, মৌলটির বিভিন্ন শক্তিস্তর ও উপশক্তিস্তর এবং তাতে বিদ্যমান ইলেকট্রন সংখ্যা $2n^2$ এবং $2(2l+1)$ সূত্রের সাহায্যে বিশ্লেষণ কর।	<ul style="list-style-type: none"> মৌলিক ও স্থায়ী কণিকাগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারব। পারমাণবিক সংখ্যা, ভর সংখ্যা, আপেক্ষিক পারমাণবিক ভর ব্যাখ্যা করতে পারব। পরমাণু ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন সংখ্যা হিসাব করতে পারব। পরমাণুর গঠন সম্পর্কে রাদারফোর্ড ও বোর পরমাণু মডেলের বর্ণনা করতে পারব। পরমাণু বিভিন্ন কক্ষপথ এবং কক্ষপথের বিভিন্ন উপস্তরে পরমাণুর ইলেকট্রনসমূহকে বিন্যাস করতে পারব। মৌলের সর্ববহিঃস্তর শক্তিস্তরের ইলেকট্রন বিন্যাসের সাথে পর্যায় সারণির প্রধান গুণগুলোর সম্পর্ক নির্ণয় করতে পারব (প্রথম ৩০ টি মৌল)। একটি মৌলের পর্যায় শনাক্ত করতে পারব। 	<ul style="list-style-type: none"> আইসোটোপের মূল কণিকা হিসাব মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তরের সংখ্যা হিসাব ও প্রতীকের সাহায্যে উপস্থাপন মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব পর্যায় সারণিতে মৌলের অবস্থান নির্ণয় পাঠ্যবইয়ের তৃতীয় ও চতুর্থ অধ্যায়ের আলোকে প্রতিবেদন লিখা 	<table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th>নির্দেশক</th> <th colspan="4">পারদর্শিতার মাত্রা/নম্বর</th> <th>স্কোর</th> </tr> <tr> <th></th> <th>৪</th> <th>৩</th> <th>২</th> <th>১</th> <th></th> </tr> </thead> <tbody> <tr> <td>মূল কণিকা</td> <td>আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ তিনটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা</td> <td>আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ দুইটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা</td> <td>আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ একটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা</td> <td>আইসোটোপের একটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা</td> <td></td> </tr> <tr> <td>মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তর</td> <td>চারটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা</td> <td>তিনটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা</td> <td>দুইটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা</td> <td>একটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা</td> <td></td> </tr> <tr> <td>মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব</td> <td>মৌলের চারটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব</td> <td>মৌলের তিনটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব</td> <td>মৌলের দুইটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব</td> <td>মৌলের শক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব</td> <td></td> </tr> <tr> <td>পর্যায় সারণিতে মৌলটির অবস্থান নির্ণয়</td> <td>ইলেকট্রন বিন্যাসসহ মৌলটির পর্যায় সারণিতে পর্যায় ও গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা</td> <td>ইলেকট্রন বিন্যাসসহ মৌলটির পর্যায় সারণিতে পর্যায় অথবা গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা</td> <td>মৌলটির পর্যায় সারণিতে পর্যায় ও গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা</td> <td>মৌলটির পর্যায় সারণিতে পর্যায় অথবা গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা</td> <td></td> </tr> <tr> <td colspan="5" style="text-align: right;">মোট= ১৬</td> <td></td> </tr> </tbody> </table>	নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর				স্কোর		৪	৩	২	১		মূল কণিকা	আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ তিনটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা	আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ দুইটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা	আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ একটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা	আইসোটোপের একটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা		মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তর	চারটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা	তিনটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা	দুইটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা	একটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা		মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব	মৌলের চারটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব	মৌলের তিনটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব	মৌলের দুইটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব	মৌলের শক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব		পর্যায় সারণিতে মৌলটির অবস্থান নির্ণয়	ইলেকট্রন বিন্যাসসহ মৌলটির পর্যায় সারণিতে পর্যায় ও গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা	ইলেকট্রন বিন্যাসসহ মৌলটির পর্যায় সারণিতে পর্যায় অথবা গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা	মৌলটির পর্যায় সারণিতে পর্যায় ও গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা	মৌলটির পর্যায় সারণিতে পর্যায় অথবা গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা		মোট= ১৬						
নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর				স্কোর																																										
	৪	৩	২	১																																											
মূল কণিকা	আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ তিনটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা	আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ দুইটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা	আইসোটোপের প্রতীক উপস্থাপনসহ একটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা	আইসোটোপের একটি স্থায়ী মূল কণিকার সংখ্যা সঠিকভাবে হিসাব করা																																											
মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তর	চারটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা	তিনটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা	দুইটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা	একটি শক্তিস্তর এবং তাতে বিদ্যমান উপশক্তিস্তরের সংখ্যা প্রতীকের সাহায্যে সঠিকভাবে হিসাব করা																																											
মৌলের শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব	মৌলের চারটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব	মৌলের তিনটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব	মৌলের দুইটি শক্তিস্তর ও উপশক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে সঠিকভাবে হিসাব	মৌলের শক্তিস্তরে ইলেকট্রনের সংখ্যা সূত্রের সাহায্যে হিসাব																																											
পর্যায় সারণিতে মৌলটির অবস্থান নির্ণয়	ইলেকট্রন বিন্যাসসহ মৌলটির পর্যায় সারণিতে পর্যায় ও গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা	ইলেকট্রন বিন্যাসসহ মৌলটির পর্যায় সারণিতে পর্যায় অথবা গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা	মৌলটির পর্যায় সারণিতে পর্যায় ও গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা	মৌলটির পর্যায় সারণিতে পর্যায় অথবা গ্রুপ সঠিকভাবে নির্ণয় করা																																											
মোট= ১৬																																															
অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬																																															

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩-১৬	অতি উত্তম
১১-১২	উত্তম
০৮-১০	ভালো
০০-০৭	অগ্রগতি প্রয়োজন

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাব বিজ্ঞান

বিষয় কোড: ১৪৬

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)																																																												
২	<p>“হিসাবরক্ষণে দূতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগ”</p> <p>সহায়ক তথ্য: মেসার্স জয়া এন্ড কোং-এর কতিপয় লেনদেন নিম্নরূপ- ১। মিসেস জয়া মুখার্জি ব্যবসাতে আরো ২০,০০০ টাকা বিনিয়োগ করলেন। ২। অফিসের জন্য একটি কম্পিউটার ক্রয় করা হলো ২৫,০০০ টাকা। ৩। অফিস ভাড়া তিন মাসের অগ্রিম প্রদান করা হলো ১৮,০০০ টাকা। ৪। রাজনের নিকট বিক্রয় করা হলো ২৫,০০০ টাকা। ৫। ব্যাংক চার্জ ধার্য করল ১,৫০০ টাকা। ৬। ব্যাংক হতে উত্তোলন করা হলো ৬,০০০ টাকা। ৭। ধারে পণ্য ক্রয় করা হলো ১৫,০০০ টাকা। ৮। মজুরি প্রদান করা হলো ৩,০০০ টাকা। ৯। ক্রয় ফেরত ২,০০০ টাকা। ১০। ব্যাংকে জমা দেওয়া হলো ১০,০০০ টাকা।</p>	<ul style="list-style-type: none"> •দূতরফা দাখিলা পদ্ধতির ধারণা ব্যাখ্যা করতে পারবে। •দূতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। •লেনদেনে জড়িত দুটি পক্ষ অর্থাৎ ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত/চিহ্নিত করতে পারবে। 	<ul style="list-style-type: none"> •দূতরফা দাখিলা পদ্ধতির ধারণা •দূতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য •ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়মাবলি (পাঠ্য বইয়ের আলোকে) •সংযুক্ত লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট পক্ষ কারণসহ নির্ণয় করা (পাঠ্য বইয়ের ৫৫ পৃষ্ঠার আলোকে) 	<table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th rowspan="2">নির্দেশনা</th> <th colspan="5">পারদর্শিতার মাত্রা</th> </tr> <tr> <th>৪</th> <th>৩</th> <th>২</th> <th>১</th> <th>স্কোর</th> </tr> </thead> <tbody> <tr> <td>দূতরফা দাখিলা পদ্ধতির ধারণা ব্যাখ্যা</td> <td>উদাহরণসহ সঠিকভাবে বিস্তারিত ব্যাখ্যা করলে</td> <td>উদাহরণসহ সঠিকভাবে ব্যাখ্যা করলে</td> <td>উদাহরণ ব্যতীত বিস্তারিত ব্যাখ্যা করলে</td> <td>উদাহরণ ব্যতীত সাধারণভাবে ব্যাখ্যা করলে</td> <td></td> </tr> <tr> <td>দূতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য ব্যাখ্যা</td> <td>কমপক্ষে ৪টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে</td> <td>কমপক্ষে ৩টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে</td> <td>কমপক্ষে ২টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে</td> <td>কমপক্ষে ১টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে</td> <td></td> </tr> <tr> <td>বিভিন্ন হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা</td> <td>উদাহরণসহ সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা করলে</td> <td>উদাহরণসহ সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের সূত্র লিখলে</td> <td>উদাহরণ ছাড়া সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের সূত্র লিখলে</td> <td>ডেবিট ক্রেডিট নির্ণয়ের সূত্র আংশিকভাবে লিখলে</td> <td></td> </tr> <tr> <td>সংযুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয়</td> <td>সবকয়টি সঠিক হলে</td> <td>কমপক্ষে ৮টি সঠিক হলে</td> <td>কমপক্ষে ৫টি সঠিক হলে</td> <td>কমপক্ষে ১টি সঠিক হলে</td> <td></td> </tr> <tr> <td colspan="5" style="text-align: right;">মোট = ১৬</td> </tr> <tr> <td colspan="5">অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর = ১৬</td> </tr> </tbody> </table> <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th>ক্রম</th> <th>স্কোর</th> <th>নম্বরের ব্যাপ্তি</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>অতি উত্তম</td> <td>১৩-১৬</td> </tr> <tr> <td>২</td> <td>উত্তম</td> <td>১১-১২</td> </tr> <tr> <td>৩</td> <td>ভালো</td> <td>০৮-১০</td> </tr> <tr> <td>৪</td> <td>অগ্রগতির প্রয়োজন</td> <td>০০-০৭</td> </tr> </tbody> </table>	নির্দেশনা	পারদর্শিতার মাত্রা					৪	৩	২	১	স্কোর	দূতরফা দাখিলা পদ্ধতির ধারণা ব্যাখ্যা	উদাহরণসহ সঠিকভাবে বিস্তারিত ব্যাখ্যা করলে	উদাহরণসহ সঠিকভাবে ব্যাখ্যা করলে	উদাহরণ ব্যতীত বিস্তারিত ব্যাখ্যা করলে	উদাহরণ ব্যতীত সাধারণভাবে ব্যাখ্যা করলে		দূতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য ব্যাখ্যা	কমপক্ষে ৪টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে	কমপক্ষে ৩টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে	কমপক্ষে ২টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে	কমপক্ষে ১টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে		বিভিন্ন হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা	উদাহরণসহ সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা করলে	উদাহরণসহ সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের সূত্র লিখলে	উদাহরণ ছাড়া সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের সূত্র লিখলে	ডেবিট ক্রেডিট নির্ণয়ের সূত্র আংশিকভাবে লিখলে		সংযুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয়	সবকয়টি সঠিক হলে	কমপক্ষে ৮টি সঠিক হলে	কমপক্ষে ৫টি সঠিক হলে	কমপক্ষে ১টি সঠিক হলে		মোট = ১৬					অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর = ১৬					ক্রম	স্কোর	নম্বরের ব্যাপ্তি	১	অতি উত্তম	১৩-১৬	২	উত্তম	১১-১২	৩	ভালো	০৮-১০	৪	অগ্রগতির প্রয়োজন	০০-০৭
নির্দেশনা	পারদর্শিতার মাত্রা																																																															
	৪	৩	২	১	স্কোর																																																											
দূতরফা দাখিলা পদ্ধতির ধারণা ব্যাখ্যা	উদাহরণসহ সঠিকভাবে বিস্তারিত ব্যাখ্যা করলে	উদাহরণসহ সঠিকভাবে ব্যাখ্যা করলে	উদাহরণ ব্যতীত বিস্তারিত ব্যাখ্যা করলে	উদাহরণ ব্যতীত সাধারণভাবে ব্যাখ্যা করলে																																																												
দূতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য ব্যাখ্যা	কমপক্ষে ৪টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে	কমপক্ষে ৩টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে	কমপক্ষে ২টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে	কমপক্ষে ১টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে																																																												
বিভিন্ন হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা	উদাহরণসহ সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা করলে	উদাহরণসহ সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের সূত্র লিখলে	উদাহরণ ছাড়া সবকয়টি হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের সূত্র লিখলে	ডেবিট ক্রেডিট নির্ণয়ের সূত্র আংশিকভাবে লিখলে																																																												
সংযুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয়	সবকয়টি সঠিক হলে	কমপক্ষে ৮টি সঠিক হলে	কমপক্ষে ৫টি সঠিক হলে	কমপক্ষে ১টি সঠিক হলে																																																												
মোট = ১৬																																																																
অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর = ১৬																																																																
ক্রম	স্কোর	নম্বরের ব্যাপ্তি																																																														
১	অতি উত্তম	১৩-১৬																																																														
২	উত্তম	১১-১২																																																														
৩	ভালো	০৮-১০																																																														
৪	অগ্রগতির প্রয়োজন	০০-০৭																																																														

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড: ১৫৩

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (ব্লুপ্রিন্ট)					স্কোর
				নির্দেশক	৪	৩	২	১	
০২ দ্বিতীয় অধ্যায়: বিশ্বসভ্যতা	তোমার পাঠ্যপুস্তকে পঠিত মিশর, সিন্ধু, গ্রিক ও রোমান সভ্যতার উল্লেখযোগ্য অবদানসমূহ পর্যালোচনা করে একটি প্রতিবেদন উপস্থাপন কর।	<ul style="list-style-type: none"> বিশ্বসভ্যতা বিকাশে প্রাচীন মিশরীয় সভ্যতার গুরুত্বপূর্ণ অবদানসমূহ মূল্যায়ন করতে পারব; সভ্যতার বিকাশে সিন্ধু সভ্যতার নগর পরিকল্পনা, শিল্পকলা ও ভাস্কর্যের বর্ণনা করতে পারব; বিশ্বসভ্যতার অগ্রগতিতে গ্রিক সভ্যতার শিক্ষা, সংস্কৃতি, ধর্ম, দর্শন ও বিজ্ঞানের অবদান বর্ণনা করতে পারব; বিশ্বসভ্যতায় প্রাচীন রোমান সভ্যতার ধর্ম, দর্শন ও আইনের প্রভাব আলোচনা করতে পারব। 	<p>১। বিশ্বসভ্যতাসমূহের (মিশর, সিন্ধু, গ্রিক ও রোম) সংক্ষিপ্ত পটভূমি;</p> <p>২। সভ্যতাসমূহের উল্লেখযোগ্য অবদান চিহ্নিত ও ব্যাখ্যা;</p> <p>৩। প্রতিবেদন রচনার ধাপসমূহ অনুসরণ;</p> <p>৪। মানবসভ্যতার অগ্রগতিতে আলোচ্য চারটি সভ্যতার ভূমিকা মূল্যায়ন।</p>	বিশ্বসভ্যতার পটভূমি	বিশ্বসভ্যতাসমূহের পটভূমি যথাযথভাবে উপস্থাপন করতে পেরেছে	বিশ্বসভ্যতাসমূহের পটভূমি অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপন করতে পেরেছে	বিশ্বসভ্যতাসমূহের পটভূমি আংশিক উপস্থাপন করতে পেরেছে	বিশ্বসভ্যতার পটভূমি বিশ্লেষণে আরও উন্নয়ন প্রয়োজন	
				সভ্যতাসমূহের অবদান	সভ্যতাসমূহের উল্লেখযোগ্য অবদান চিহ্নিত ও ব্যাখ্যা সর্বজনগ্রাহ্য।	সভ্যতাসমূহের উল্লেখযোগ্য অবদান চিহ্নিত ও ব্যাখ্যা অধিকাংশ গ্রহণযোগ্য।	সভ্যতাসমূহের উল্লেখযোগ্য অবদান চিহ্নিত ও ব্যাখ্যা আংশিক গ্রহণযোগ্য।	সভ্যতাসমূহের উল্লেখযোগ্য অবদান চিহ্নিত ও ব্যাখ্যায় আরও উন্নয়ন প্রয়োজন	
				প্রতিবেদনের ধাপ	প্রতিবেদন রচনার ধাপসমূহ যথাযথভাবে অনুসৃত হয়েছে।	প্রতিবেদন রচনার ধাপসমূহ অধিকাংশ অনুসৃত হয়েছে।	প্রতিবেদন রচনার ধাপসমূহ আংশিক অনুসৃত হয়েছে।	প্রতিবেদন রচনার ধাপসমূহ অধিকাংশ অনুসৃত হয়নি।	
				সভ্যতাসমূহের মূল্যায়ন	মানবসভ্যতার অগ্রগতিতে আলোচ্য চারটি সভ্যতার ভূমিকা মূল্যায়নে সৃজনশীলতা রয়েছে।	মানবসভ্যতার অগ্রগতিতে আলোচ্য চারটি সভ্যতার ভূমিকা মূল্যায়নে অধিকাংশ সৃজনশীলতা পরিলক্ষিত হয়েছে।	মানবসভ্যতার অগ্রগতিতে আলোচ্য চারটি সভ্যতার ভূমিকা মূল্যায়নে আংশিক সৃজনশীলতা পরিলক্ষিত হয়েছে।	মানবসভ্যতার অগ্রগতিতে আলোচ্য চারটি সভ্যতার ভূমিকা মূল্যায়নে আরও উন্নয়ন প্রয়োজন	
বরাদ্দকৃত নম্বর= ১৬								মোট-	

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩-১৬	অতি উত্তম
১১-১২	উত্তম
০৮-১০	ভালো
০০-০৭	অগ্রগতি প্রয়োজন



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-৭৩৭

তারিখ: ১৪/০৬/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে এ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা।

কোভিড-১৯ অতিমারীর কারণে ১৮/০৩/২০২০ খ্রি. তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে ২০২১ শিক্ষাবর্ষের দশম শ্রেণির শিক্ষার্থীরা নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী স্বাভাবিক শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেনি। তবে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখতে সংসদ বাংলাদেশ টেলিভিশনে ধারাবাহিকভাবে শ্রেণি কার্যক্রম প্রচার করা হচ্ছে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজেদের উদ্যোগে অনলাইন ক্লাস পরিচালনা করেছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় ২০২০ সাল থেকে ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার জন্য পাঠ্যসূচিকে পুনর্বিন্যাস করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য এনসিটিবি কর্তৃক বিষয় ভিত্তিক মূল্যায়ন নির্দেশনাসহ (রুব্রিক্স) এ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে।


এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে তাদের অর্জিত শিখনফল মূল্যায়ন করা হবে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে কোন্ সপ্তাহে শিক্ষার্থীর কী মূল্যায়ন করা হবে সে বিবেচনায় এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করা হয়েছে। ১৪/০৬/২০২১ খ্রি. তারিখ থেকে গ্রিড অনুযায়ী এ্যাসাইনমেন্ট কার্যক্রম শুরু হবে এবং পর্যায়ক্রমে প্রতি সপ্তাহের শুরুতে মাউশি'র ওয়েবসাইটে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজগুলো দিয়ে দেওয়া হবে এবং সপ্তাহ শেষে শিক্ষার্থীরা তাদের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিয়ে (সরাসরি/অনলাইনে) নতুন এ্যাসাইনমেন্ট গ্রহণ করবে। এক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১০/০৩/২০২১ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৪৩১ নং স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তির নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারীর কারণে দেশের যে সকল এলাকা কঠোর লকডাউন/বিধি-নিষেধের আওতায় রয়েছে সে সকল এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চলমান এ্যাসাইনমেন্ট বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাবৃন্দ প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনার মাধ্যমে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করবেন। যে কোনো পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধির নির্দেশনাসমূহ যেন কোনো ভাবেই উপেক্ষিত না হয়;
- শিক্ষার্থী কর্তৃক জমাকৃত এ্যাসাইনমেন্ট মূল্যায়নপূর্বক নিম্নোক্ত ছক অনুযায়ী প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ই.আই.আই.এন ও ঠিকানা							মন্তব্য				
গ্রুপ, শ্রেণি শাখা ও বিষয়											
ক্রম.	রোল নং	শিক্ষার্থীর নাম	এ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং	গ্রহণের তারিখ	জন্ম তারিখ	প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী)					মন্তব্য
						৪	৩	২	১	নম্বর	

- এ কার্যক্রমে শিক্ষার্থী যেন কোনো অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ্য রাখতে হবে; এক্ষেত্রে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- বিষয় ভিত্তিক শিক্ষকগণ এ্যাসাইনমেন্ট মূল্যায়ন করে শিক্ষার্থীদের সবল ও দুর্বল দিক চিহ্নিত করবেন এবং দুর্বল অংশটুকু উন্নয়নের পরামর্শ দিবেন।

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পর্কিত এ বিজ্ঞপ্তি নির্দেশক্রমে জারী করা হলো।


১৪/০৬/২০২১

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন : ৪১০৫০২৮৫

